Bangladesh
Tourism Board
National Tourism Organization

# বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

## অনলাইন রেজিস্ট্রেশন সিস্টেম অফ ট্যুর অপারেটর এবং ট্যুর গাইড

লিংকঃ btbregistration.gov.bd

## ব্যবহারিক বিধি - ট্যুর গাইড ( কর্ম দিবস )



# ট্যুর গাইড – নিবন্ধন

**নিবন্ধন সেবা:**

১। আবেদনকারী আবেদন জমা দেওয়ার পর, নিবন্ধন কর্তৃপক্ষ ৩০ কর্মদিবসের মধ্যে জমাকৃত তথ্য ও প্রয়োজনীয় কাগজপত্র পর্যালোচনা করবে। প্রয়োজনে, আবেদনকারীর কাছ থেকে অতিরিক্ত তথ্য বা কাগজপত্র চাওয়া হতে পারে।

২। যদি সমস্ত তথ্য ও প্রয়োজনীয় কাগজপত্র সঠিক হয়, তাহলে নিবন্ধন কর্তৃপক্ষ আবেদনকারীকে নিবন্ধন ফি ও সার্ভিস চার্জ সম্পর্কে অবহিত করবে। আবেদনকারী চূড়ান্ত অর্থপ্রদানের বিজ্ঞপ্তি পাওয়ার ১৫ কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফি পরিশোধ করবেন।

৩। আবেদনকারী চূড়ান্ত অর্থপ্রদান করলে, নিবন্ধন কর্তৃপক্ষ ১৫ কর্মদিবসের মধ্যে ৩ বছরের জন্য নিবন্ধন সনদ প্রদান করবে।

৪। যদি আবেদনকারীর তথ্য ও প্রয়োজনীয় কাগজপত্র সঠিক না হয়, তাহলে ১৫ কর্মদিবসের মধ্যে আবেদনকারীকে তা জানানো হবে।

৫। যদি আবেদন বাতিল হয়, তাহলে আবেদনকারী ভুল তথ্য সংশোধন করে ২০ কর্মদিবসের মধ্যে পুনরায় আবেদন করতে পারবেন।

৬। সংশোধিত আবেদন পাওয়ার পর, নিবন্ধন কর্তৃপক্ষ ৬০ কর্মদিবসের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

৭। নিবন্ধিত ট্যুর গাইডদের প্রতি বছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের দেশি-বিদেশি পর্যটকদের তথ্যসহ প্রতিবেদন নিবন্ধন কর্তৃপক্ষের কাছে দাখিল করতে হবে।

# ট্যুর গাইড – নবায়ন

**নবায়ন সেবা:**

১। আবেদনকারী নবায়নের জন্য আবেদন জমা দেওয়ার পর, নিবন্ধন কর্তৃপক্ষ ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য ও কাগজপত্র পর্যালোচনা করবে। প্রয়োজনে, অতিরিক্ত তথ্য চাওয়া হতে পারে।

২। যদি সমস্ত তথ্য ও কাগজপত্র সঠিক থাকে, তাহলে নিবন্ধন কর্তৃপক্ষ নবায়ন ফি ও সার্ভিস চার্জ সম্পর্কিত নির্দেশনা দেবে। আবেদনকারী ১৫ কর্মদিবসের মধ্যে ফি পরিশোধ করবেন।

৩। চূড়ান্ত অর্থপ্রদান সম্পন্ন হলে, নিবন্ধন কর্তৃপক্ষ ১৫ কর্মদিবসের মধ্যে ৩ বছরের জন্য নবায়ন সনদ প্রদান করবে।

৪। যদি আবেদনকারীর তথ্য ভুল থাকে, তাহলে ১৫ কর্মদিবসের মধ্যে তা জানিয়ে দেওয়া হবে।

৫। যদি আবেদন বাতিল হয়, তাহলে ২০ কর্মদিবসের মধ্যে সংশোধিত তথ্যসহ পুনরায় আবেদন করতে হবে।

৬। সংশোধিত আবেদন পাওয়ার পর, নিবন্ধন কর্তৃপক্ষ ৬০ কর্মদিবসের মধ্যে সিদ্ধান্ত নেবে।

৭। নিবন্ধিত ট্যুর গাইডদের প্রতি বছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের পর্যটন সংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

৮। নবায়নের সময়সীমা অতিক্রান্ত হলে এবং ৩ মাসের মধ্যে আবেদন করা হলে নিম্নলিখিত জরিমানা প্রযোজ্য হবে:

- নির্ধারিত সময়সীমার ২ মাসের মধ্যে আবেদন করলে: ৫,০০০ টাকা জরিমানা।
- পরবর্তী ২ মাসের মধ্যে আবেদন করলে: ৭,০০০ টাকা জরিমানা।
- তার পরবর্তী ২ মাসের মধ্যে আবেদন করলে: ১০,০০০ টাকা জরিমানা।

নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন না করলে এবং জরিমানা পরিশোধ না করলে সনদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

# ট্যুর গাইড – ডুপ্লিকেট সনদ

**ডুপ্লিকেট সনদ:**

১। যদি কোনো ট্যুর গাইড তাদের মূল সনদ হারিয়ে ফেলেন, তাহলে তারা ডুপ্লিকেট সনদের জন্য আবেদন করতে পারবেন।

২। ডুপ্লিকেট সনদের জন্য নির্ধারিত ফি পরিশোধ করে আবেদন জমা দিতে হবে।

৩। আবেদনপত্র সঠিক হলে, ১৫ কর্মদিবসের মধ্যে ডুপ্লিকেট সনদ ইস্যু করা হবে।

৪। যদি আবেদনপত্রের তথ্য ভুল থাকে, তাহলে ১৫ কর্মদিবসের মধ্যে তা জানিয়ে দেওয়া হবে।

৫। সংশোধিত আবেদন জমা দেওয়ার পর, ১৫ কর্মদিবসের মধ্যে ডুপ্লিকেট সনদ ইস্যু করা হবে।

# ট্যুর অপারেটর – আপিল

**আপিল সেবা:**

১। যদি কোনো ট্যুর গাইডের সনদ অসদাচরণজনিত কারণে বাতিল হয়, তাহলে সংশ্লিষ্ট গাইডকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হবে এবং ১৫ কর্মদিবসের মধ্যে জবাব দিতে হবে।

২। যদি জবাব সন্তোষজনক না হয়, তাহলে গাইড আপিল আবেদন করতে পারবেন।

৩। আপিলের জন্য নির্ধারিত ফি পরিশোধ করে আবেদন দাখিল করতে হবে।

৪। আপিল আবেদন আপিল কর্তৃপক্ষের কাছে প্রেরণ করা হবে এবং ৬০ কর্মদিবসের মধ্যে নিষ্পত্তি করা হবে।

# ট্যুর অপারেটর – সংশোধন

**সংশোধন সেবা (ভুল সংশোধন, সনদ স্থানান্তর, ব্যবসার ঠিকানা পরিবর্তন):**

১। সংশোধনের জন্য আবেদন জমা দিলে, তা ১৫ কর্মদিবসের মধ্যে নিষ্পত্তি করা হবে।

# Bangladesh Tourism Board – BTB

## Online Registration System for Tour Operators and Tour Guides

## Link: btbregistration.gov.bd

## User Manual - Tour Guide ( Working Days )



# Tour Guide – Registration

**For Registration Service:**

1. After the applicant submits the application, the registration authority will review the submitted information and required documents within 30 working days. If necessary, additional information or documents may be requested from the applicant.
2. If all information and required documents are correct, the registration authority will notify the applicant about the registration fee and service charges. The applicant must pay the specified fee within 15 working days of receiving the final payment notice.
3. Upon final payment, the registration authority will issue a registration certificate valid for 3 years within 15 working days.
4. If the applicant's information and required documents are incorrect, they will be notified within 15 working days.
5. If the application is rejected, the applicant can correct the errors and reapply within 20 working days.
6. Upon receiving the revised application, the registration authority will make a final decision within 60 working days.
7. Registered tour guides must submit an annual report containing information on domestic and international tourists to the registration authority by January 31 of each year.

# Tour Guide – Renewal

**For Renewal Service:**

1. After submitting the renewal application, the registration authority will review the information and documents within 30 working days. Additional information may be requested if needed.
2. If all information and documents are correct, the registration authority will provide instructions regarding the renewal fee and service charges. The applicant must pay the fee within 15 working days.
3. Once the final payment is completed, the registration authority will issue a renewal certificate valid for 3 years within 15 working days.
4. If the applicant's information is incorrect, they will be notified within 15 working days.
5. If the application is rejected, the applicant must reapply with corrected information within 20 working days.
6. Upon receiving the revised application, the registration authority will make a decision within 60 working days.
7. Registered tour guides must submit an annual tourism-related report to the registration authority by January 31 of each year.
8. If the renewal deadline is missed and the application is submitted within 3 months, the following fines will apply:
   - If applied within 2 months after the deadline: Fine of BDT 5,000.
   - If applied within the next 2 months: Fine of BDT 7,000.
   - If applied within the following 2 months: Fine of BDT 10,000.

Failure to apply within the specified time and pay the fine will result in automatic cancellation of the certificate.

# Tour Guide – Duplicate

**For Duplicate Certificate Service:**

1. If a tour guide loses their original certificate, they can apply for a duplicate certificate.

2. The application must be submitted along with the prescribed fee for the duplicate certificate.

3. If the application is correct, the duplicate certificate will be issued within 15 working days.

4. If the application contains incorrect information, the applicant will be notified within 15 working days.

5. Upon submitting the corrected application, the duplicate certificate will be issued within 15 working days.

# Tour Guide – Appeal

**For Appeal Service:**

1. If a tour guide's certificate is canceled due to misconduct, a show-cause notice will be issued, requiring a response within 15 working days.
2. If the response is unsatisfactory, the guide may submit an appeal.
3. The appeal application must be submitted along with the prescribed fee.
4. The appeal will be forwarded to the appeal authority and will be resolved within 60 working days.

# Tour Guide – Amendment

**For Amendment Service (Correction, Certificate Transfer, Business Address Change):**

1. If an amendment application is submitted, it will be processed within 15 working days.